প্রথম আলো

তারিখ 24 APR 2016
পৃ. ১৬ কলাম ২

# হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতার চূড়ান্ত পর্ব আজ

নিজস্ব প্রতিবেদক ●

সরকারের তথ্য ও যোগাযোগপ্রযুক্তি বিভাগের উদ্যোগে ১৬টি আঞ্চলিক প্রতিযোগিতার বিজয়ীদের নিয়ে আজ ঢাকায় বসছে জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা ২০১৬-এর চূড়ান্ত পর্ব। ফার্মগেটের খামারবাড়ির কৃষিবিদ ইনস্টিটিউট মিলনায়তনে অনুষ্ঠিত হবে এ আসর। আঞ্চলিক পর্যায়ের কুইজ প্রতিযোগিতার বিজয়ী ৯৬৮ জন এবং প্রোগ্রামিং প্রতিযোগিতার বিজয়ী ৩১৩ জন শিক্ষার্থী এতে অংশ নেবে।

গতকাল এক সংবাদ সম্মেলনে তথ্য ও যোগাযোগপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ বলেন, 'বিশ্ব জয় করার মতো প্রযুক্তি বাংলাদেশ থেকে তৈরি হবে—এই স্বপ্ন নিয়ে আমরা হাইস্কুল পর্যায়ের প্রোগ্রামিং প্রতিযোগিতা শুরু করেছি।'